

# যুগান্তর

## গোপালগঞ্জ বঙ্গবন্ধু বিশ্ববিদ্যালয় শিক্ষকের বিরুদ্ধে ছাত্রীকে যৌন নিপীড়নের অভিযোগ

### গোপালগঞ্জ প্রতিনিধি

গোপালগঞ্জ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের এক শিক্ষকের বিরুদ্ধে ছাত্রীকে যৌন নিপীড়নের অভিযোগ উঠেছে। ভুক্তভোগী ছাত্রী গত ১২ ফেব্রুয়ারি ন্যায়বিচার চেয়ে বিভাগীয় সভাপতির নিকট লিখিত অভিযোগ দিয়েছেন।

জানা যায়, বিশ্ববিদ্যালয়ের অ্যাকাউন্টিং অ্যান্ড ইনফরমেশন সিস্টেম (এআইএস) বিভাগের প্রভাষক রবিউল ইসলামের সঙ্গে একই বিভাগের চতুর্থ বর্ষের ছাত্রীর প্রেমের সম্পর্ক গড়ে ওঠে। এ সুযোগে রবিউল তার বাসায় ডেকে নিয়ে ওই ছাত্রীকে যৌন নিপীড়ন করেন। এরপর থেকে ওই শিক্ষক কৌশলে ছাত্রীকে এড়িয়ে চলছেন। এছাড়া বিষয়টি নিয়ে বাড়াবাড়ি না করতে ছাত্রীকে ভয়ভীতি প্রদর্শনসহ বিশ্ববিদ্যালয় থেকে বহিষ্কারের হুমকি দিয়েছেন ওই শিক্ষক।

ছাত্রী তার লিখিত অভিযোগে উল্লেখ করেন, শিক্ষক রবিউল ইসলাম তার প্রতিশ্রুতি ভঙ্গ করেছেন। তার সঙ্গে প্রতারণা করা হয়েছে। এ অবস্থায় তিনি নিজেকে অসহায় মনে করছেন। এখন তার পক্ষে বেঁচে থাকার কঠিন হয়ে দাঁড়িয়েছে।

এ ব্যাপারে জানতে প্রভাষক রবিউল ইসলামের সঙ্গে মুঠোফোনে কথা বললে তিনি বিষয়টিকে মিথ্যা ও ষড়যন্ত্রমূলক বলে উল্লেখ করেন। গত ১২ ফেব্রুয়ারি অভিযোগকারী ছাত্রীর অভিভাবক ভিসির সামনে লিখিত দিয়ে অভিযোগ প্রত্যাহার করে নিয়েছেন বলে জানান তিনি। জানতে চাইলে ব্যবস্থাপনা

■ পৃষ্ঠা ১৬ : কলাম ৮

## শিক্ষকের বিরুদ্ধে

(৩য় পৃষ্ঠার পর)

বিভাগের সভাপতি ও সহকারী অধ্যাপক মো. রোকনুজ্জামান বলেন, আমরা একটি অভিযোগ পেয়েছি। এ বিষয়ে কোনো পদক্ষেপ নেয়ার এখতিয়ার আমার নেই। তাই অভিযোগ পত্রটি যথাযথ কর্তৃপক্ষের কাছে পাঠানো হয়েছে।